ইনকিলাব

তারিখ 28 MAY 2009
পৃষ্ঠা ইনকিলাব

# জবি ও পলিটেকনিকে ছাত্রলীগের দু'গ্রুপের সংঘর্ষ : আহত ১৯

স্টাফ রিপোর্টার

গতকাল রাজধানীর জগন্নাথ বিশ্ববিদ্যালয় ও পলিটেকনিক ইনস্টিটিউটে ছাত্রলীগের দু'গ্রুপের পৃথক সংঘর্ষে ১৯ আহত হয়েছে। তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে আবারও জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের দু'গ্রুপে সংঘর্ষ হয়েছে। এতে ৪ জন আহত হয়েছে। গতকাল (বুধবার) দুপুর ১২টায় বিশ্ববিদ্যালয় অডিটোরিয়ামে এ ঘটনা ঘটেছে। এ নিয়ে কোতোয়ালি থানায় মামলা দায়ের করা হয়েছে। প্রত্যক্ষদর্শীরা জানায়, বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় অডিটোরিয়ামে নবীনবরণ অনুষ্ঠান চলাকালে ছাত্রলীগের সভাপতি গ্রুপের

এরপর পৃঃ ২ ক

## ছাত্রলীগের দু'গ্রুপের সংঘর্ষ

১৬-এর পৃষ্ঠার পর

কর্মী নয়নের সঙ্গে সাধারণ সম্পাদক গ্রুপের কর্মী রাজুর সিটে বসাকে কেন্দ্র করে কথাকাটা কাটি হয়। এতে দু'জনেই উত্তেজিত হয়ে যায়। পরে সাধারণ সম্পাদক গ্রুপের সিনিয়র নেতারা নয়নকে বেদম মারধর করে। এতে সভাপতি গ্রুপের কর্মীরা ক্ষিপ্ত হয়ে নতুন ভবনের সামনে সাধারণ সম্পাদক গ্রুপের কর্মী রাজন, রাজু ও ইমরানকে পিটিয়ে আহত করে। এ ঘটনায় উভয় গ্রুপের কর্মীরা লাঠিসোঁটা, রড ও ক্লাসের বেঞ্চের পায়া ভেঙে মুখোমুখি অবস্থান নেয়। এতে করে নেতা-কর্মীদের মাঝে চরম উত্তেজনা বিরাজ করে। পরে বিশ্ববিদ্যালয়ের প্রক্টরিয়াল বডি ও কর্তব্যরত পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণ করে। সংঘর্ষে আহতদের স্থানীয় সুমনা ক্লিনিকে ভর্তি করা হয়েছে।

কোতোয়ালি থানায় মামলা

ছাত্রলীগের দু'গ্রুপে সংঘর্ষের জের ধরে বিকেলে আহতদের পক্ষ থেকে সুদীর চন্দ্রনাথ বাদী হয়ে কোতোয়ালি থানায় মামলা দায়ের করা করেছে। থানা সূত্র জানায়, এতে ৫ জনের নাম উল্লেখ করাসহ ৬/৭ জনকে অজ্ঞাতনামা আসামী করা হয়। মামলা নম্বর ১০৯। দণ্ডবিধির ১৮৩/৩২০/৩৮৯ অভিযোগ আনা হয়েছে। মামলায় উল্লেখিত আসামীরা হল- ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের ১ম সেমিস্টারের ছাত্র কামাল, শাকিল, ভূগোল ও পরিবেশ বিভাগের ১ম সেমিস্টারের ছাত্র রাসেল, ব্যবস্থাপনা বিভাগের ৩য় সেমিস্টারের ছাত্র তোমাল ও সাংবাদিকতা বিভাগের ১ম সেমিস্টারের ছাত্র আরিফুর রহমান প্রমুখ।

এদিকে পলিটেকনিক ইনস্টিটিউটে ছাত্রলীগের ২ গ্রুপে সংঘর্ষে আহত হয়েছে প্রায় ১৫ জন ছাত্র। দুপুর থেকে শুরু হওয়া সংঘর্ষ থামে সন্ধ্যায়। পুলিশ সন্ধ্যার পর ইনস্টিটিউটের রফিক ছাত্রাবাসে তল্লাশি চালায়। প্রত্যক্ষদর্শী ছাত্ররা জানায়, ছাত্রলীগের শাহীন গ্রুপ ও জাকির-উজ্জল গ্রুপের মধ্যে গতকাল দুপুর আড়াইটা থেকে রফিক ছাত্রাবাসের আধিপত্যকে কেন্দ্র করে ধাওয়া-পাল্টা ধাওয়া শুরু হয়। এরপর সন্ধ্যা পর্যন্ত থেমে থেমে তাদের মধ্যে হামলা- পাল্টা হামলা চলতে থাকে। এসময় উভয়পক্ষের হামলায় মনির, নাইম, ইয়াসিন, শামীম, রকি, এনামুল, আক্তার, শামসুল ও পারভেজসহ ১৫ জনের মতো ছাত্র আহত হয় বলে জানা গেছে। সন্ধ্যায় পুলিশ গিয়ে রফিক ছাত্রাবাসে তল্লাশি শুরু করে ও পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।